

শিগগিরই শুরু হবে বেসরকারি শিক্ষকদের বদলি - শিক্ষামন্ত্রী

কচুয়া (চাঁদপুর) প্রতিনিধি
০৩ মে ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

বেসরকারি এমপিওভুক্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের বদলি শিগগিরই চালু হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, বদলির জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে, বর্তমানে সংশ্লিষ্ট কমিটি গঠনের প্রক্রিয়া চলছে।

গত শুক্রবার বিকালে চাঁদপুরের কচুয়া সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে মন্ত্রী আরও জানান, বিদ্যমান চাকরির বিধিমালার শর্ত মেনেই শিক্ষকদের নতুন কর্মস্থলে যোগদান করানো হবে।

খেলায় বালক বিভাগে কচুয়া সরকারি পাইলট প্রাথমিক বিদ্যালয় টাইব্রেকারে রাগদৈল সরকারি প্রাথমিক বিদ্যালয়কে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। বালিকা বিভাগে আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ১-০ গোলে শিলাঙ্গান প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত করে শিরোপা জিতে নেয়।

অনুষ্ঠান শেষে শিক্ষামন্ত্রী বিজয়ী ও রানার্সআপ দলের মধ্যে ট্রফি বিতরণ করেন। এ সময় স্থানীয় শিক্ষা ও রাজনৈতিক ব্যক্তির উপস্থিতি ছিলেন।